



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/14/2021

গভর্নর ক্যাথি হোকল

## গভর্নর হোকল NYCFC-র MLS কাপ বিজয় উদযাপনে নিউ ইয়র্কের ল্যান্ডমার্কসমূহ আলোকিত করার ঘোষণা করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে, 14 ডিসেম্বর, 2021 তারিখে নিউ ইয়র্ক সিটি ফুটবল ক্লাবের (New York City Football Club, NYCFC) মেজর লিগ সকার কাপ (Major League Soccer Cup) বিজয় উদযাপন করতে ল্যান্ডমার্কসমূহকে নীল আলোয় আলোকিত করা হবে। NYCFC তাদের প্রথম গেম খেলে 2015 সালে, সব মিলিয়ে MLS-র বিশতম এক্সপ্যানশন দল হিসেবে। এটি এই শহরের প্রথম এবং নিউ ইয়র্ক মেট্রোপলিটন এলাকার দ্বিতীয় ফ্র্যাঞ্চাইজি, প্রথমটি হল নিউ ইয়র্ক রেড বুলস (New York Red Bulls)। 2015 সাল থেকে, ক্লাবটি মূলত ব্রঙ্কসের ইয়ান্কি স্টেডিয়ামে (Yankee Stadium) তাদের হোম গেম খেলেছে। 2021 MLS কাপ হলো ক্লাবের ইতিহাসের প্রথম MLS চ্যাম্পিয়নশিপ।

"আমি সম্পূর্ণ দলকে এবং NYCFC-র ব্যাকরুম স্টাফকে এই সপ্তাহান্তে তাদের নাটকীয় MLS কাপ বিজয়ের জন্য অভিনন্দন জানাচ্ছি," **গভর্নর হোকল বলেন।** "আপনারা এই দুর্দান্ত অর্জন দিয়ে নিউ ইয়র্ক সিটি ও স্টেটকে গর্বিত করেছেন এবং আমরা আশা করছি যে এই কাপ ভবিষ্যৎ আরো অনেক চ্যাম্পিয়নশিপের সূচনা করলো।"

যেসব ল্যান্ডমার্ক NYCFC-র চ্যাম্পিয়নশিপ বিজয়ের স্বীকৃতিতে আলোকিত হবে তা হলো:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার
- ন্যায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- লেক প্লাসিড অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- এম্পায়ার স্টেট প্লাজা

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418